গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা পরিষদ
তাহিরপুর, সুনামগঞ্জ
www.tahirpur.sunamganj.gov.bd

**সেপ্টেম্বর/২০২৪ মাসের মাসিক সভার কার্যবিবরণী :**

সভাপতি : মো : আবুল হাসেম, উপজেলা নির্বাহী অফিসার, তাহিরপুর ও প্রশাসক, উপজেলা পরিষদ, তাহিরপুর, সুনামগঞ্জ।
সভার স্থান : উপজেলা পরিষদ সম্মেলন কক্ষ, তাহিরপুর।
সভার তারিখ : ২৯-০৯-২০২৪ সময় : বিকাল- ০৪.০০ ঘটিকা।

উপস্থিত সদস্যগণ পরিশিষ্ট "ক"।

সভাপতি উপস্থিত সকল সদস্যকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। সভায় বিগত সভার কার্যবিবরণী পাঠ করে শুনানো হয়। কার্যবিবরণীতে কোন সংশোধনী বা সংযোজনী না থাকায় তা দৃঢ়ীকরণ করা হয়। অত:পর বিস্তারিত আলোচনান্তে নিম্নরূপ সিদ্ধান্ত গ্রহণ করা হয়।

| ক্র. নং | বিভাগের নাম | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|---|---|
| ০১ | **উপজেলা স্বাস্থ্য ও পঃ পঃ বিভাগ** | উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা, তাহিরপুরের পক্ষে উপস্থিত প্রতিনিধি সভাকে জানান যে, দাপ্তরিক কার্যক্রম সুষ্ঠভাবে পরিচালিত হচ্ছে। বন্যা কবলিত এলাকায় মেডিকেল টিম কর্তৃক নিয়মিত স্বাস্থ্য সেবা প্রদান করা হচ্ছে। বিগত মাসে ০৭ টি ক্যাম্প করা হয়েছে। তৃনমূল পর্যায়ে কমিউনিটি ক্লিনিক, টিকাদান, সচেতনতা কার্যক্রম চালু রয়েছে। সভায় সকল ইউপি চেয়ারম্যানগণ, তাহিরপুর উপজেলায় স্বাস্থ্য কমপ্লেক্স ও পরিবার কল্যাণ কেন্দ্র ও কমিউনিটি ক্লিনিকে আশানুরুপ সেবা প্রদান করা হচ্ছে না। স্বাস্থ্য সেবার মান বৃদ্ধির জন্য নিয়িমিত মনিটরিং করা জরুরী। উপজেলা নির্বাহী অফিসার, তাহিরপুর উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সে সরকারিভাবে সরবরাহকৃত ঔষধের মেয়াদ উত্তীর্ণের একটি তালিকা করে উপজেলা প্রশাসনকে অবহিত করার জন্য অনুরোধ করেন। | সভায় এ বিষয়ে বিস্তারিত আলোচনা করা হয়। আলোচনান্তে উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্স, কমিউনিটি ক্লিনিক সমূহের স্বাস্থ্যসেবার মান বৃদ্ধির জন্য এবং মেয়াদ উত্তীর্ণ ঔষধের একটি তালিকা প্রস্তুতক্রমে উপজেলা নিবর্হী অফিসার, তাহিরপুর, সুনামগঞ্জ বরাবর প্রেরণের জন্য উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা অফিসার, তাহিরপুরকে অনুরোধ করা হয়। | উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা অফিসার,তাহিরপুর। |
| ০৩ | **কৃষি বিভাগ** | উপজেলা কৃষি অফিসার তাহিরপুর সভায় অনুপস্থিত থাকায় সার্বিক কার্যক্রম সম্পর্কে অবহিত হওয়া যায়নি। | **আগামী সভায় উপস্থিত থেকে সার্বিক বিষয়ে সভাকে অবহিত করার জন্য উপজেলা কৃষি কর্মকর্তা, তাহিরপুরকে অনুরোধ করা হয়।** | উপজেলা কৃষি কর্মকর্তা, তাহিরপুর, সুনামগঞ্জ |
| ০৪ | **প্রাণি সম্পদ বিভাগ** | উপজেলা প্রাণিসম্পদ অফিসার, তাহিরপুর সভায় অনুপস্থিত থাকায় সার্বিক কার্যক্রম সম্পর্কে অবহিত হওয়া যায়নি। | **আগামী সভায় উপস্থিত থেকে সার্বিক বিষয়ে সভাকে অবহিত করার জন্য** উপজেলা প্রাণিসম্পদ অফিসার, তাহিরপুরকে অনুরোধ করা হয়। | উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তা, তাহিরপুর, সুনামগঞ্জ। |
| ০৫ | **মৎস্য বিভাগ** | উপজেলা মৎস্য অফিসার, তাহিরপুর সভায় অনুপস্থিত থাকায় সার্বিক কার্যক্রম সম্পর্কে অবহিত হওয়া যায়নি। | **আগামী সভায় উপস্থিত থেকে সার্বিক বিষয়ে সভাকে অবহিত করার জন্য** উপজেলা মৎস্য অফিসার, তাহিরপুরকে অনুরোধ করা হয়। | উপজেলা মৎস্য কর্মকর্তা, তাহিরপুর, সুনামগঞ্জ |
| ০৬ | **প্রাথমিক শিক্ষা বিভাগ** | উপজেলা শিক্ষা কর্মকর্তা (ভারপ্রাপ্ত) তাহিরপুর সভাকে জানান যে, শিক্ষার সার্বিক কার্যক্রম সুষ্ঠভাবে পরিচালিত হচ্ছে। ২য় প্রান্তিক সাময়িক পরীক্ষা গত ২২-০৯-২০২৪ তারিখ হতে শুরু হয়েছে। উপজেলা নির্বাহী অফিসার, তাহিরপুর শিক্ষার মান উন্নয়নের জন্য দাপ্তরিক কাজে মাঠে গেলে পার্শ্ববর্তী বিদ্যালয় পরিদর্শন করে প্রতিবেদন দেয়ার জন্য সংশ্লিষ্ট কর্মকর্তাগণকে অনুরোধ করেন। এছাড়া | সভায় এ বিষয়ে বিস্তারিত আলোচনা করা হয়। আলোচনান্তে তাহিরপুর উপজেলার সকল প্রাথমিক বিদ্যালয় নিয়মিত পরিদর্শন করে প্রতিবেদন দেয়ার জন্য সংশ্লিষ্ট কর্মকর্তা ও ইউপি চেয়ারম্যানগণকে অনুরোধ করা হয়। | উপজেলা শিক্ষা কর্মকর্তা তাহিরপুরসহ সংশ্লিষ্ট সকল। |

| | | | | |
|---|---|---|---|---|
| | | জনপ্রতিনিধিগণ নিয়মিত প্রাথমিক বিদ্যালয় পরিদর্শন করে প্রতিবেদন প্রেরণের জন্য তিনি ইউপি চেয়ারম্যানগণকে অনুরোধ করেন। | | |
| ০৭ | **প্রকৌশলী বিভাগ** | উপজেলা প্রকৌশলী এলজিইডি, তাহিরপুর সভায় জানান দাপ্তরিক কার্যক্রম সুষ্ঠুভাবে চলছে। তিনি আরও জানান উপজেলা পরিষদের আওতাধীন আবাসকি কোয়ার্টার ও সরকারী বিভিন্ন অফিসে বিশুদ্ধ পানি সরবরাহের জন্য ০২ টি আয়রণ রিমোবাল প্লান্ট প্রকল্প নির্মাণ করা অতীব জরুরী।<br>৬ তলা ফাউন্ডেশন এবং ৪ তলা বিশিষ্ট উপজেলা পরিষদ নতুন কমপ্লেক্স ভবন নির্মাণের জন্য সভায় আলোচনা করা হয়। এ ছাড়া তিনি জানান যে, লজিক কর্তৃক ২০২২-২০২৩ অর্থবছরে ২টি প্রকল্পের মধ্যে ০১ টি প্রকল্পের শত ভাগ কাজ সমাপ্ত করা হয়। পানির কারনে ০২ টি প্রকল্পের মধ্যে ০১ টি প্রকল্পের কার বন্ধ আছে। পানি নামলে যথাযথ সময়ে কাজ চলবে।<br>LAPA থেকে প্রস্তাব গুলির তালিকায় অগ্রাধীকার ভিত্তিতে নিম্লেস্কিম ২০২৩-২০২৪ অর্থবছরের আনোয়ারপুর বন্যা প্রবন এলাকায় জলবায়ু পরিবর্তন জনিত বিপর্যয়ের প্রভাব কমাতে বাজার সুরক্ষা গাইড ওয়াল নির্মাণে প্রাপক্কলন মোতবেক ব্যয় ১৬,৩৩,৯১৩/-( ষোল লক্ষ তেত্রিশ হাজার নয়শত তের) টাকা।<br>LAPA থেকে প্রস্তাব গুলির তালিকায় অগ্রাধীকার ভিত্তিতে নিম্লেস্কিম ২০২৪-২০২৫ অর্থবছরের জগদিশপুর বন্যা প্রবন এলাকায় জলবায়ু পরিবর্তন জনিত বিপর্যয়ের প্রভাব কমাতে হাটি সুরক্ষা গাইড ওয়াল নির্মাণে প্রাক্কলন মোতবেক ব্যয় ১৬,৪১,৩৭৪/-( ষোল লক্ষ এক চল্লিশ হাজার চুয়াত্তর) টাকা। এ বিষয়ে দুটি প্রকল্প অনুমোদেনর জন্য আলোচনা করা হয়। | ১। বিস্তারিত আলোচনান্তে উপজেলা পরিষদের রাজস্ব তহবিলের অর্থায়নে উপজেলা পরিষদের আবাসিক কোয়ার্টার ও সরকারী বিভিন্ন অফিসে বিশুদ্ধ পানি সরবরাহে ০২ টি আয়রণ রিমোভবাল প্লান্ট বাস্তবায়নের জন্য সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহীত হয়।<br>০২। বিস্তারিত আলোচনান্তে ৬ তলা ফাউন্ডেশন এবং ৪ তলা বিশিষ্ট উপজেলা পরিষদ নতুন কমপ্লেক্স ভবন উপজেলা পরিষদের সামনে নির্মাণের জন্য সর্বসম্মক্রিমে সিদ্ধান্ত গৃহীত হয়। এ বিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য উপজেরা প্রকৌশলী এলজিইডি, তাহিরপুরকে অনুরোধ করা হয়।<br>০৩। বিস্তারিত আলোচনান্তে LAPA থেকে প্রস্তাব গুলির তালিকায় অগ্রাধীকার ভিত্তিতে ২০২৩-২০২৪ অর্থবছরের ০১। বালিজুরী ইউনিয়নে আনোয়ারপুর বন্যা প্রবন এলাকায় জলবায়ু পরিবর্তন জনিত বিপর্যয়ের প্রভাব কমাতে বাজার/ হাঠি সুরক্ষা গাইড ওয়াল ০২। ২০২৪-২০২৫ অর্থবছরের শ্রীপুর দক্ষিন ইউনিয়নের জগদিশপুর বন্যা প্রবন এলাকায় জলবায়ু পরিবর্তন জনিত বিপর্যয়ের প্রভাব কমাতে হাঠি সুরক্ষা গাইড ওয়াল নির্মাণে ইস্টিমেট মোতবেক দুটি প্রকল্প পরবর্তী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণে সর্বসম্মত্রিক্রমে সিদ্ধান্ত গৃহীত হয়। এ বিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য উপজেলা প্রকৌশলী এলজিইডি, তাহিরপুরকে অনুরোধ করা হয়। | উপজেলা প্রকৌশলী, তাহিরপুর, সুনামগঞ্জ ও সংশ্লিষ্ট সকল। |
| ০৮ | **পরিবার পরিকল্পনা বিভাগ** | উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা, তাহিরপুর সভায় জানান দাপ্তরিক কার্যক্রম সুষ্ঠুভাবে চলছে। উপজেলায় মোট সক্ষম দম্পত্তি ৩৯,৫২২ জন। সর্বমোট ২৯৯৭১ জন্মবিরতি পদ্ধতি গ্রহণ করেছে। সিএআর ৭৬.০৫% তার মধ্যে সর্বমোট খাবারবড়ি ১৪৩৩২ জন। কনডম ২৩৯ জন, ইনজেকশন ৪৭১৫ জন। আইইইও ৬৭৫ জন, ইমপ্ল্যান্ড ৩৬৭১ জন, স্থায়ী ১৬০৩ জন, মহিলা স্থায়ী ৪১৬১ জন। তাছাড়া মোট জন্ম ২৮৬ জন, মোট মৃত্যু৩৯ জন, ডেলিভারী ৪৪ জন বর্তমানে পরিবার পরিবার পরিকল্পনা কার্যক্রম ক্ষেত্রে এস এসসি এমও, এফডারবি, এফপি আই,এফডুএ, পদ শূণ্য রয়েছে। | বিস্তারিত আলোচনান্তে সংশ্লিষ্ট কার্যক্রম যথাযথভাবে পালন করার জন্য উপজেলা পরিবার পরিকল্পনা অফিসার, তাহিরপুরের দৃষ্টি আকষ্ণ করা হয়। শূণ্যপদ পূরণের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের সংশ্লিষ্ট কর্তৃপক্ষের দৃষ্টি আর্কষণ করা হয়। | উপজেলা পরিবার, পরিকল্পনা কর্মকর্তা তাহিরপুর |
| ০৯ | **সমাজসেবা বিভাগ** | উপজেলা সমাজসেবা কর্মকর্তা, তাহিরপুর সভায় অনুপস্থিত থাকায় তার দাপ্তরিক কার্যক্রম সম্পর্কে কিছু জানা যায়নি। | আগামী সভায় উপস্থিত থেকে সার্বিক বিষয়ে সভাকে অবহিত করার জন্য উপজেলা সমাজসেবা অফিসার, তাহিরপুরকে অনুরোধ করা হয়। | **উপজেলা সমাজসেবা কর্মকর্তা তাহিরপুর** |
| ১০ | **মাধ্যমিক শিক্ষা বিভাগ** | উপজেলা মাধ্যমিক কর্মকর্তা,তাহিরপুর সভায় জানান যে, তাহিরপুর উপজেলায় ২১ টি | বিস্তারিত আলোচনান্তে বিভাগীয় কার্যক্রম স্বাভাবিক রাখাসহ আদর্শ বিদ্যালয়ের শিক্ষক | উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, |

AR

CamScanner

| | | | | |
|---|---|---|---|---|
| | | বিদ্যালয়, ০৬ টি মাদ্রাসা, এবং ০২ টি কলেজে সুষ্ঠুভাবে পাঠদান কার্যক্রম চলমান রয়েছে। তিনি আরও জানান ব্রাহ্মণগাঁও আদর্শ উচ্চ বিদ্যালয়ের একজন শিক্ষক ও একজন ৪র্থ শ্রেণির কর্মচারী অপসারণের বিষয়ে শিক্ষার্থীদের দাখিলকৃত অভিযোগটির তদন্ত চলমান রয়েছে। সার্বিক তদন্ত শেষে প্রতিবেদন দাখিল করা হবে। | ও ৪র্থ শ্রেণীর কর্মচারীর বিরুদ্ধে দাখিলকৃত অভিযোগটি দ্রুত তদন্ত শেষ করে প্রতিবেদন দেয়ার জন্য উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, তাহিরপুরকে অনুরোধ করা হয়। | তাহিরপুর, |
| ১১ | **সমবায় বিভাগ** | উপজেলা সমবায় অফিসার, তাহিরপুর সভায় জানান দাপ্তরিক কার্যক্রম সুষ্ঠুভাবে চলছে। আলোচ্য অডিটবর্ষে বার্ষিক বিভিন্ন কার্যক্রমের অংশ হিসেবে ১২৭ টি সমবায় সমিতির অডিট কাজ চলমান রয়েছে। ইতোমধ্যে সেপ্টেম্বর/২০২৪ তারিখ পর্যন্ত মোট ১৮ টি সমবায় সমিতি অডিট সম্পন্ন করা হয়েছে। | **সমবায় সমিতির অডিট দ্রুত সম্পন্ন করার জন্য** উপজেলা সমবায় অফিসার, তাহিরপুরের দৃষ্টি আকর্ষণ করা হয়। | উপজেলা সমবায় অফিসার, তাহিরপুর, সুনামগঞ্জ। |
| ১২ | **যুব উন্নয়ন বিভাগ** | উপজেলা যুব উন্নয়ন অফিসার তাহিরপুর সভায় জানান যে, দাপ্তরিক কার্যক্রম সুষ্ঠুভাবে চলছে। আত্মকর্মসংস্থান কর্মসূচির আদায় যোগ্য ৩৫,৫০০/- টাকা, আদায়কৃত ৩০,৯১০/- টাকা, আদায়ের হার ৮৭%, কিস্তি খেলাপী আদায় নেই। মেয়াদ উত্তীর্ণ ঋণ খেলাপী আদায় ১৬,৩০০/-,ক্রম পুঞ্জিত আদায়ের হার ৬২%। চলতি মাসে কোন বিতররণ নাই। রাজস্ব খাতের ভ্রাম্যমাণ প্রশিক্ষণ সেপ্টেম্বর/২৪ মাসে ০২ টি ব্যাচে ৬০( ষাট) জনের প্রশিক্ষণ সম্পন্ন হয়েছে। আগামী ১ লা নভেম্বর ২০২৪ জাতয়ি যুব দিবস পালিত হবে। | বিস্তারিত আলোচনান্তে সংশ্লিষ্ট কার্যক্রম সঠিকভাবে পরিচালনা করার জন্য এবং ঋণ আদায়ে দ্রুত নোটিশ করার জন্য উপজেলা যুব উন্নয়ন অফিসার, তাহিরপুরের দৃষ্টি আকর্ষণ করা হয়। | উপজেলা যুব উন্নয়ন অফিসার, তাহিরপুর |
| ১৩ | **জনস্বাস্থ্য বিভাগ** | জনস্বাস্থ্য উপ-সহকারী প্রকৌশলী, তাহিরপুর, সভায় জানান যে, সরকারি বরাদ্দকৃত নলকূপ ইউনিয়নওয়ারী বিভাজন করা হয়েছে। বিভাজনকৃত নলকূপের বিপরীতে উপকারভোগীদের তালিকা দেয়ার জন্য তিনি ইউপি চেয়ারম্যানগণকে অনুরোধ করেন। | **ইউনিয়নওয়ারী** বিভাজনকৃত নলকূপের বিপরীতে উপকারভোগীদের তালিকা দ্রুত দাখিলের ইউপি চেয়ারম্যানগণকে অনুরোধ করা হয়। | উপ-সহকারী প্রকৌশলী, জনস্বাস্থ্য, তাহিরপুর ও চেয়ারম্যান সকল ইউপি তাহিরপুর, সুনামগঞ্জ। |
| ১৪ | **প্রকল্প বাস্তবায়ন বিভাগ** | উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা, তাহিরপুর কর্তৃক প্রতিনিধি সভায় জানান দাপ্তরিত কাজ সুষ্ঠুভাবে চলছে। | বিস্তারিত আলোচনান্তে সংশ্লিষ্ট কার্যক্রম সুষ্ঠুভাবে পরিচালনা করার জন্য উপজেলা প্রকল্প বাস্তবায়ন অফিসার,তাহিরপুর এর দৃষ্টি আকর্ষণ করা হয়। | উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা, তাহিরপুর, সুনামগঞ্জ |
| ১৫ | **পল্লী উন্নয়ন বিভাগ** | উপজেলা পল্লী উন্নয়ন অফিসার, তাহিরপুর সভায় অনুপস্থিত থাকায় তার দাপ্তরিক কার্যক্রম সম্পর্কে কিছু জানা যায়নি। | বিস্তারিত আলোচনান্তে সংশ্লিষ্ট কার্যক্রম সুষ্ঠুভাবে পরিলনা করার জন্য উপজেলা পল্লী উন্নয়ন অফিসার, তাহিরপুরের দৃষ্টি আকর্ষণ করা হয়। | উপজেলা পল্লী উন্নয়ন অফিসার, তাহিরপুর, |
| ১৬ | **মহিলা বিষয়ক বিভাগ** | উপজেলা মহিলা বিষয়ক অফিসার তাহিরপুর এর পদ শূন্য থাকায় তার দপ্তরের কোন প্রকার কার্যক্রম সম্পর্কে কিছু জানা যায়নি। | বিস্তারিত আলোচনান্তে বিগত সভায় ন্যায় উপজেলা পরিষদের মাসিক সভায় নিয়মিত উপস্থিত থাকার জন্য দায়িত্ব প্রাপ্ত অফিসারকে অনুরোধ করা হয়। | উপজেলা মহিলা বিষয়ক অফিসার, তাহিরপুর। |
| ১৭ | **আনসার ভিডিপি বিভাগ** | উপজেলা আনসার ও ভিডিপি অফিসার তাহিরপুর, সভায় জানান দাপ্তরিক কার্যক্রম সুষ্ঠুভাবে চলছে। আসন্ন ২০২৪ দূর্গাপূঁজা উৎসব অনুষ্ঠানে আইন শৃংঙ্খলা রক্ষায় পুলিশের পাশা পাশি আনসার ভিডিপি এর ২০১ জন সদস্য/সদস্যা ০৫ (পাঁচ) দিনের জন্য মোতায়েন করা হবে। তাই উক্ত সার্বজনীন দূর্গাপূঁজা উৎসব সাফল্য ভাবে সম্পন্ন করার জন্য অফিসার ইনচার্জ, তাহিরপুর | বিস্তারিত আলোচনান্তে দাপ্তরিক সংশ্লিষ্ট কার্যক্রম যথাযথ পালনের জন্য উপজেলা আনসার ভিডিপি অফিসার, তাহিরপুরের দৃষ্টি আকষৃণ করা হয।<br>০২। বিস্তারিত আলোচনান্তে আসন্ন দূর্গাপূঁজা/ ২০২৪ উৎসব পালন উপলক্ষ্যে তাহিরপুর উপজেলায় সকল পূঁজা মন্ডপে আইন শংঙ্খলার কোন প্রকার অবনতি না ঘটে এ বিষয়ে অফিসার ইনচার্জ, তাহিরপুর | উপজেলা আনসার ভিডিপি, তাহিরপুর ও সংশ্লিষ্ট সকল |

| | | | | |
|---|---|---|---|---|
| | | থানা ও সংশ্লিষ্ট পুঁজা কমিটির সভাপতি/সাধারণ সম্পাদক আনসার ভিডিপির সকল সদস্য/সদস্যাদের সার্বিকভাবে সহযোগিতা করার জন্য এবং সকল ইউপি চেয়ারম্যানগণকে অনুরোধ করা হয়। | থানা, আনসার ভিডিপি, অফিসার, তাহিরপুর, বিভিন্ন পুঁজা মন্ডপ কমিটির সভাপতি/সাধারণ সম্পাদক ও সকল ইউপি চেয়ারম্যানগণ কে সার্বিকভাবে সহযোগিতা করার জন্য অনুরোধ করা হয়। | |
| ১৮ | ব্যবস্থাপক পল্লী সঞ্চয় ব্যাংক | ব্যবস্থাপক পল্লী সঞ্চয় ব্যাংক তাহিরপুর শাখা জানান দাপ্তরিক কার্যক্রম সুষ্ঠুভাবে চলছে। ঋণ আদায় ৬০.৩০, ঋণ বিতরণ ৫৯.৭০,সঞ্চয় ৩.০০ টাকা। | বিস্তারিত আলোচনান্তে দাপ্তরিক কার্যক্রম সুষ্ঠুভাবে পরিচালনা করার জন্য ব্যবস্থাপক উপজেলা পল্লী সঞ্চয় ব্যাংকে, তাহিরপুরের দৃষ্টি আকর্ষণ করা হয়। | ব্যবস্থাপক, পল্লী সঞ্চয় ব্যাংক, তাহিরপুর |
| ১৯ | বিট কর্মকর্তা | উপজেলা বন বিট অফিসার তাহিরপুর সভায় অনুপস্থিত থাকায় তার দাপ্তরিক কার্যক্রম সম্পর্কে কিছু জনা যায়নি। | আগামী সভায় উপস্থিত থেকে সার্বিক বিষয়ে সভাকে অবহিত করার জন্য উপজেলা বন বিট কর্মকর্তাকে অনুরোধ করা হয়। | উপজেলা বন বিট কর্মকর্তা, তাহিরপুর। |
| ২০ | উপজেলা খাদ্য বিভাগ | ইউপি চেয়ারম্যানগণ সভাকে জানান যে, টিসিবি/ খাদ্যবান্ধব/ওএমএস কর্মসুচির আওতায় নিয়োগকৃত ডিলারগণ কর্তৃক খাদ্য শষ্য বিতরণে অনিয়ম পরিলক্ষিত হচ্ছে। নতুন করে ডিলার নিয়োগের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য চেয়ারম্যানগণ সভাকে অনুরোধ করেন। | সভায় এ বিষয়ে বিস্তারিত আলোচনা করা হয়। আলোচনান্তে ডিলারদের অনিয়ম সরেজমিন তদন্ত করে আগামী সভায় উপস্থাপনের জন্য উপজেলা খাদ্য নিয়ন্ত্রক, তাহিরপুরকে অনুরোধ করা হয়। | উপজেলা খাদ্য নিয়ন্ত্রক, তাহিরপুর |
| ২১ | বিদ্যুৎ বিল সংক্রান্ত | উপজেলা নির্বাহী অফিসার, তাহিরপুর সভায় জানান যে উপজেলা পরিষদের কেন্দ্রীয় মিটারের বকেয়া বিদ্যুৎ বিল বাবদ জুন/২০২৪ মাস হতে সেপ্টেম্বর/২০২৪ মাস পর্যন্ত মোট ৭২,০৪৫/-(বায়াত্তর হাজার পয়তাল্লিশ) টাকা। উপজেলা পরিষদ চেয়ারম্যান অফিস ও রোড লাইনের বকেয়া বিদ্যুৎ বিল বাবদ জুন/২০২৪ হতে সেপ্টেম্বর/২০২৪ মাস পর্যন্ত মোট ২৪,৯৭৮/-(ছব্বিশ হাজার নয়শত আটাত্তর) টাকা পাওনা রয়েছে। | বিস্তারিত আলোচনান্তে উপজেলা পরিষদের কেন্দ্রীয় মিটারের বকেয়া বিদ্যুৎ বিল বাবদ জুন/২০২৪ মাস হতে সেপ্টেম্বর/২০২৪ মাস পর্যন্ত মোট৭২,০৪৫/-(বায়াত্তর হাজার পয়তাল্লিশ) টাকা, উপজেলা পরিষদ চেয়ারম্যান অফিস ও রোড লাইনের বকেয়া বিদ্যুৎ বিল বাবদ জুন/২০২৪ হতে সেপ্টেম্বর/২০২৪ মাস পর্যন্ত মোট ২৪,৯৭৮/-(ছব্বিশ হাজার নয়শত আটাত্তর) টাকা। সর্ব মোট ( ৭২০৪৫+২৪৯৭৮) = ৯৭০২৩/- (সানব্বই হাজার তেইশ) টাকা উপজেলা পরিষদের রাজস্ব তহবিল হতে পরিশোধ করার জন্য সিদ্ধান্ত গৃহীত হয়। | |
| ২২ | বিবিধ | চেয়ারম্যান তাহিরপুর সদর ইউনিয়ন পরিষদ সভাকে জানান যে, তাহিরপুর উপজেলা একটি প্রত্যন্ত জনপদ। এখানে স্থানীয় অধিবাসীদের চিত্ত বিনোদনের কোন সুযোগ নেই। তাদের এবং স্থানীয় শিশুদের বিনোদনের জন্য তাহিরপুর সদরে একটি পার্ক স্থাপন করা একান্ত প্রয়োজন। এ বিষয়ে গত ২৩.৯.২০২৪ তারিখে অনুষ্ঠিত তাহিরপুর সদর ইউনিয়ন পরিষদের মাসিক সভায় আলোচনা করে শিশুপার্ক নির্মাণের জন্য উপজেলা পরিষদ, তাহিরপুরকে অনুরোধ জানিয়ে সভার কার্যবিবরণী প্রেরণ করা হয়েছে। তিনি তাহিরপুর সদর ইউনিয়ন পরিষদের পার্শ্বে সরকারি ভূমিতে একটি শিশুপার্ক নির্মাণের প্রয়োজনীয় সিদ্ধান্ত গ্রহণের জন্য সভাকে অনুরোধ করেন।<br>এ বিষয়ে চেয়ারম্যান বাদাঘাট ও শ্রীপুর (উত্তর) ইউনিয়ন পরিষদ সভাকে জানান যে, তাহিরপুর উপজেলাধীন ০৭ (সাত) টি ইউনিয়নের ছাত্র/ছাত্রীরা তাহিরপুর সরকারি উচ্চ বিদ্যালয় এবং বালিকা উচ্চ বিদ্যালয়ে লেখা-পড়া করে। তাহিরপুর উপজেলা সদরে সরকারি কর্মকর্তা/কর্মচারীগণ বসবাস করেন। | সভায় তাহিরপুর সদর ইউনিয়ন পরিষদের পার্শ্বে সরকারি ভূমিতে একটি শিশুপার্ক নির্মাণের বিষয়ে বিস্তারিত আলোচনা করা হয়। আলোচনান্তে শিশুদের বিনোদনের জন্য তাহিরপুর সদর ইউনিয়ন পরিষদ সংলগ্ন সরকারি ভূমিতে একটি শিশুপার্ক নির্মাণের নিমিত্ত উপস্থিত সদস্যগণ অভিমত ব্যক্ত করেন। শিশুপার্ক নির্মাণে উপজেলা পরিষদ উন্নয়ন তহবিলের অর্থায়নে ৩০,০০,০০০/- (ত্রিশ লক্ষ) টাকা ব্যয়ের সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হয়। এ বিষয়ে দ্রুত প্রাক্কলন প্রস্তুতক্রমে বিধি মোতাবেক পরবর্তী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের উপজেলা প্রকৌশলী, তাহিরপুরকে অনুরোধ করা হয়। | উপজেলা নির্বাহী অফিসার ও প্রশাসক এবং উপজেলা প্রকৌশলী, তাহিরপুর, সুনামগঞ্জ। |

CS CamScanner

| | | | | |
|---|---|---|---|---|
| | | সরকারি কর্মকর্তা/কর্মচারী এবং স্থানীয় অধিবাসীদের চিত্ত বিনোদনের জন্য কোন বিনোদন পার্ক নেই। তাহিরপুর সদর ইউনিয়ন পরিষদ সংলগ্ন সরকারি ভূমিতে একটি পার্ক নির্মাণের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য উপজেলা নির্বাহী অফিসার, তাহিরপুর, সুনামগঞ্জকে অনুরোধ করেন।<br>উপজেলা নির্বাহী অফিসার, তাহিরপুর সভাকে জানান যে, তাহিরপুর সদর ইউনিয়ন পরিষদ সংলগ্ন সরকারি ভূমিতে একটি শিশুপার্ক নির্মাণের জন্য স্থানীয় শিক্ষক এবং সাংবাদিকসহ বিভিন্ন শ্রেণী-পেশার ব্যক্তিবর্গ একটি আবেদন দাখিল করেছেন। এ বিষয়ে প্রয়োজনীয় সিদ্ধান্ত গ্রহণের জন্য তিনি সভাকে অনুরোধ করেন। | | |

পরিশেষে আর কোন আলোচনা না থাকায় সভাপতি উপস্থিত সকল সদস্যকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

মো: আবুল হাসেম
উপজেলা নির্বাহী অফিসার
ও
সভাপতি
উপজেলা পরিষদ সভা
তাহিরপুর, সুনামগঞ্জ।

স্মারকনং- ৪৬.৪৬.৯০৯২.০০০.০৪.০২৬.২৪- ১৫(৫০)

তারিখ: ০২ অক্টোবর ২০২৪

অনুলিপি সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে-(জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়) ঃ
০১। সিনিয়র সচিব স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
০২। বিভাগীয় কমিশনার, সিলেট বিভাগ, সিলেট।
০৩। পরিচালক, স্থানীয় সরকার বিভাগ, সিলেট।
০৪। জেলা প্রশাসক, সুনামগঞ্জ।
০৫। উপ-পরিচালক,স্থানীয় সরকার, সুনামগঞ্জ।
০৬। উপজেলা.................................................কমর্কর্তা, তাহিরপুর, সুনামগঞ্জ।
০৭। চেয়ারম্যান, ...........................................(সকল) ইউনিয়ন পরিষদ, তাহিরপুর, সুনামগঞ্জ।
০৮। অফিস নথি/ মাস্টার ফাইল।

মো : আবুল হাসেম
উপজেলা নির্বাহী অফিসার
ও
প্রশাসক
উপজেলা পরিষদ
তাহিরপুর, সুনামগঞ্জ।
E-mail: unotahirpur@gmail.com

২৭/০৩/২০২৪ তারিখের তাহিরপুর উপজেলা পরিষদের মাসিক সভার
সভাপতিঃ মোঃ আবুল হাসেম - সময়ঃ ১১-৩০টা
স্থানঃ তাহিরপুর উপজেলা পরিষদ সম্মেলন কক্ষ

| ক্রঃ নং | নাম | পদবী | স্বাক্ষর |
|---|---|---|---|
| ০১ | জনাব মোঃ [illegible] আহমেদ | উপজেলা নির্বাহী অফিসার তাহিরপুর | |
| ০২ | জনাব আলী হায়দার | চেয়ারম্যান শ্রীপুর উত্তর | [signature] |
| ০৩ | জনাব আ.স.ম আমজাদ মাহমুদ | চেয়ারম্যান শ্রীপুর দক্ষিণ | [signature] |
| ০৪ | জনাব ইদ্রিস আলী | চেয়ারম্যান বড়দল দক্ষিণ | |
| ০৫ | জনাব মাসুক মিয়া | চেয়ারম্যান বড়দল উত্তর | [signature] |
| ০৬ | জনাব নিজাম উদ্দিন | চেয়ারম্যান বাদাঘাট | মোঃ নিজাম উদ্দিন |
| ০৭ | জনাব জুনাব আলী | চেয়ারম্যান তাহিরপুর সদর | [signature] |
| ০৮ | জনাব আজাদ হোসেন | চেয়ারম্যান বালিজুড়ী | [signature] |
| ০৯ | | | |
| ১০ | হোসাইন আহমদ বিল্লাল | [illegible], [illegible] সহকারী [illegible] | [signature] |

| ক্রমিক | নাম | পদবী | স্বাক্ষর |
| --- | --- | --- | --- |
| ১২ | মো: মাহমুদুল হাসান | শাখা ব্যবস্থাপক পল্লী-সঞ্চয় ব্যাংক তাহিরপুর শাখা | [signature] |
| ১৩ | মো: [illegible] | [illegible] | [signature] |
| ১৪ | [illegible] ইসলাম | উপজেলা কৃষি অফিসার তাহিরপুর, সুনামগঞ্জ | [signature] |
| ১৫ | [illegible] | AUFPO | [signature] |
| ১৬ | আশীষ আচার্য্য | উপজেলা সমবায় অফিসার তাহিরপুর, সুনামগঞ্জ | [signature] |
| ১৭ | মো: আমিন | উপজেলা পাবলিক হেলথ ইঞ্জিনিয়ার | [signature] |
| ১৮ | বিকাশ চন্দ্র সাহা | উপজেলা মৎস্য অফিসার | [signature] |
| ১৯ | [illegible] | উপজেলা [illegible] অফিসার | [signature] |
| ২০ | মো: জাহিদুল ইসলাম | উপজেলা প্রকৌ: | [signature] |
| ২১ | ডা: আব্দুল্লাহ আল মাহমুদ | মেডিকেল অফিসার | [signature] |

| ক্রমিক | নাম | পদবী | স্বাক্ষর |
| --- | --- | --- | --- |
| ২২ | মো: মুক্তা মিয়া গোস্বামী | UF-LOGIC | [signature] |
| ২৩ | মো: মিজানুর রহমান | USEO | [signature] |
| ২৪ | মো: আব্দুল অজিল মিয়া | UEO | [signature] |